গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

এবং

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সভ্যতার বিকাশে রাবার একটি অত্যাবশ্যকীয় পণ্য। বিশ্বে প্রাকৃতিক রাবার থেকে মানুষের দৈনন্দিন ব্যবহার্য ও অত্যাবশ্যকীয় প্রায় ৪৬০০০ পণ্য উৎপাদিত হচ্ছে। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ১৯৬২ সাল হতে রাবার চাষ করে আসছে। এরই ধারাবাহিকতায় নতুন বাগান সৃজন/পুনঃবাগান সৃজন এর লক্ষ্যে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে প্রায় ৪৬.৬৩ একর জমিতে নার্সারি সৃজন এবং বিগত তিন বছরে ২০৯৩ একর পুনঃবাগান সৃজন করা হয়েছে। ইতঃপূর্বে রাবার কাঠ জ্বালানি কাঠ হিসেবে ব্যবহৃত হত। বিগত ০৩ বছরে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন তিনটি প্রসেসিং ইউনিটের মাধ্যমে ৩৯১.১৪ হাজার ঘনফুট রাবার কাঠকে ট্রিটমেন্ট করে প্রথম শ্রেণির কাঠে রূপান্তর করে আসবাবপত্র তৈরি ও বিক্রয় করা হয়েছে। অপরদিকে বিগত ০৩ বছরে ১৯০৬ হাজার ঘনফুট আসবাবপত্র তৈরি ও বিক্রয় করে ৩৩১.৬৯ কোটি টাকা আয় করেছে। গত ২০২০-২০২১ হতে ২০২২-2৩ অর্থবছর পর্যন্ত ৪০৪৮ মেঃ টন রাবার ভারতে রপ্তানী করা হয়। এতে ৬৮.৭৭ লক্ষ মার্কিন ডলার আয় হয়েছে এবং ২০২৩-২৪ অর্থবছরে (এপ্রিল পর্যন্ত) এ আয়ের পরিমাণ প্রায় ১.৩৪ লক্ষ মার্কিন ডলার।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০১০-১১ সন হতে রাবার বিক্রির উপর ১৫% ভ্যাট এবং টেন্ডারে বিক্রির ক্ষেত্রে আয়কর ও সেবা খাতে আরও ৯%সহ মোট ২৪% কর আরোপ করায় এবং বিদেশ থেকে রাবার আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক ১৫% থেকে ৫% এ কমিয়ে আনায় বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত রাবার আশানুরুপ বিক্রয় হচ্ছে না। এছাড়া পার্বত্য চট্টগ্রামে ব্যক্তি মালিকানার উৎপাদিত মোট ৮০% রাবারের উপর সরকার কর্তৃক ভ্যাট রেয়াত প্রদানের কারনে এবং অপরদিকে বিএফআইডিসি এর উৎপাদিত রাবারের উপর ভ্যাট প্রযোজ্য থাকায় বিএফআইডিসির উৎপাদিত রাবার দেশীয় ও আন্তর্জাতিক বাজারে তুলনামূলক প্রতিযোগী অবস্থান তৈরিতে অসুবিধাজনক অবস্থানে রয়েছে। এছাড়াও গত দুই বছরে আন্তর্জাতিক বাজারে রাবারের মূল্য অস্বাভাবিক হ্রাস পেয়েছে। কর্পোরেশনের উৎপাদিত রাবারের বাজার-এর সীমাবদ্ধতা আছে। বিএফআইডিসি এর অধিকাংশ কারখানা ও যন্ত্রপাতি অনেক পুরাতন হওয়ায়, দুর্বল ও অপ্রতুল অবকাঠামো এবং দক্ষ জনবলের অভাব থাকায় রাবারের গুণগত মানের সীমাবদ্ধতা রয়েছে। উচ্চ ফলনশীল জাতের রাবার ক্লোনের দুষ্প্রাপ্যতার কারণে উন্নতমানের রাবার বাগান সৃজন সম্ভব হচ্ছে না। স্থানীয় বাজার সহ আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকা, উৎপাদিত রাবারের মানোন্নয়ন, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কারখানার আধুনিকায়ন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য জনবলকে দক্ষ করে তোলা বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। প্রভাবশালী মহল দ্বারা বিভিন্ন রাবার বাগানের জমির জবর দখল বিএফআইডিসির জন্য একটি অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

১। রাবার গাছ অন্যান্য গাছের তুলনায় অধিক কার্বন শোষণ করে বিধায় ১৮ টি রাবার বাগানে ৩৯.২৫ লক্ষ গাছ হতে কার্বন শোষণের মাধ্যমে জলবায়ুর ভারসাম্য রক্ষায় অবদান;
২। নতুন প্রেসার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে রাবার কাঠের অধিকতর ব্যবহার নিশ্চিত করণ;
৩। রাবার শিল্প কারখানা স্থাপনের মাধ্যমে বিএফআইডিসি'র উৎপাদিত নিজস্ব রাবার ব্যবহার সম্প্রসারণ;
৪ শিল্প কারখানা স্থাপন/আধুনিকায়নের মাধ্যমে উন্নত ও আধুনিক আসবাবপত্র তৈরি করে প্রতিযোগিতামূলক বাজারে দৃঢ় অবস্থান সৃষ্টি করা;

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৬৮০ একর জমিতে পুনঃবাগান সৃজন;
- ৫,৩০০ মেট্রিক টন রাবার উৎপাদন;
- ১৪০ হাজার ঘনফুট আসবাবপত্র (কাঠ ও কাঠ সংশ্লিষ্ট পণ্য) উৎপাদন ও বিক্রয় ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

এবং

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

পরিবেশবান্ধব ও টেকসই প্রাকৃতিক রাবার এবং কাঠজাত পণ্য উৎপাদন ও বিপণন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

গবেষণা, আধুনিক প্রযুক্তি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য প্রাকৃতিক রাবার এবং স্মার্ট কাঠজাত পণ্য উৎপাদন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. রাবার চাষ সম্প্রসারণ ও উন্নতমানের রাবার উৎপাদন

২. আসবাবপত্র ও কাঠজাত পণ্য উৎপাদন

৩. কর্পোরেশনের সক্ষমতা ও জনবলের দক্ষতা বৃদ্ধি

৪. পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নার্সারী ও পূনঃবাগান সৃজন;

২. ল্যাটেক্স সংগ্রহ ও প্রক্রিয়াকৃত ল্যাটেক্স হতে রাবার সীট (আর এস এস) তৈরীকরণ;

৩. উৎপাদিত রাবার স্থানীয় বাজারে বিক্রি ও বৈদেশিক বাজারে রপ্তানি

৪. বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে সরবরাহ আদেশ সংগ্রহ ও চাহিদা অনুযায়ী আসবাবপত্র ও কাঠজাত পণ্য উৎপাদন;

৫. আসবাবপত্র সরবরাহ ও বিক্রয়;

৬. রাবার বাগান সৃজন অনুপোযোগী জায়গায় বনজ/ফলজ/ঔষধি বৃক্ষ রোপন;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বৃক্ষাচ্ছাদন ও রাবার উৎপাদন বৃদ্ধি | বাগান সৃজন | একর | ৬৬৫ | মে-জুন মাসে বাস্তবায়ন করা হবে | ৬৮০ | ৬৯০ | ৭০০ | ক) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় খ) অর্থ বিভাগ গ) বন বিভাগ | ক) বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন খ) বিএফআইডিসি পরিচালনা পর্ষদ এর সিদ্ধান্ত |
| দেশীয় বাজারে রাবারের চাহিদা পূরণ | রাবার উৎপাদন | মেঃ টন | ৫২০০ | ৪৭৭৭ | ৫৩০০ | ৫৩০০ | ৫৩০০ | ক)পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় খ)অর্থ বিভাগ গ)বন বিভাগ ঘ)জাতীয় রাজস্ব বোর্ড ঙ) বাণিজ্য মন্ত্রণালয় | ক) বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন খ) বিএফআইডিসি পরিচালনা পর্ষদ এর সিদ্ধান্ত |
| বনজ কাঠের যথাযথ ব্যবহার | আসবাবপত্র উৎপাদনে ব্যবহৃত কাঠ | হাজার ঘনফুট | ১২০ | ১১০ | ১৪০ | ১৫০ | ১৬০ | সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ | ক)বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন খ)বিএফআইডিসি পরিচালনা পর্ষদ এর সিদ্ধান্ত |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] রাবার চাষ সম্প্রসারণ ও উন্নতমানের রাবার উৎপাদন | ৩৫ | [১.১] জীবনচক্র হারানো রাবার গাছ অপসারণ | [১.১.১] অপসারিত গাছের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৯১৮১ | ২৬০৮৯ | ২০২০০ | ১৮২০০ | ১৬৭০০ | ১৬২০০ | ১৫২০০ | ২০৩০০ | ২০৪০০ |
| | | [১.২] নার্সারী সৃজন ও পুনঃবাগান সৃজন | [১.২.১] সৃজিত নার্সারী | সমষ্টি | একর | ৫ | ২১.২০ | ২৭.৫০ | ২২.৫০ | ১৯ | ১৭ | ১৫ | ১৩ | ২৩.০০ | ২৪.০০ |
| | | | [১.২.২] সৃজিত বাগান | সমষ্টি | একর | ৫ | ৬৬৫ | মে-জুন মাসে বাস্তবায়ন করা হবে | ৬৮০ | ৬৫০ | ৬৩০ | ৬১০ | ৫৯০ | ৬৯০ | ৭০০ |
| | | [১.৩] রাবার উৎপাদন | [১.৩.১] ল্যাটেক্স সংগৃহীত | সমষ্টি | হাজার মেঃটন | ৪ | ২১.১২ | ১৯.১০ | ২১.২০ | ২০.০০ | ১৯.০০ | ১৮.০০ | ১৭.০০ | ২১.২০ | ২১.২০ |
| | | | [১.৩.২] ল্যাটেক্স প্রক্রিয়াকরণকৃত | সমষ্টি | হাজার মেঃটন | ৪ | ২১.১২ | ১৯.১০ | ২১.২০ | ২০.০০ | ১৯.০০ | ১৮.০০ | ১৭.০০ | ২১.২০ | ২১.২০ |
| | | | [১.৩.৩] উৎপাদিত রাবার শীট (আরএসএস) | সমষ্টি | মেঃ টন | ৪ | ৫২৮২ | ৪৭৭৭ | ৫৩০০ | ৫০০০ | ৪৮০০ | ৪৫০০ | ৪৩০০ | ৫৩০০ | ৫৩০০ |
| | | [১.৪] উৎপাদিত রাবার শীট বিক্রয় | [১.৪.১] রাবারের পাক্ষিক দর নির্ধারণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ২২ | ১৬ | ২৪ | ২০ | ১৬ | ১২ | ৮ | ২৪ | ২৪ |
| | | | [১.৪.২] দেশে বিদেশে বিক্রিত রাবার (আরএসএস) | সমষ্টি | মেঃ টন | ৩ | ৪০৯৫ | ৫২৬৭ | ৫২০০ | ৫০০০ | ৪৮০০ | ৪৬০০ | ৪৪০০ | ৫২০০ | ৫২০০ |
| | | | [১.৪.৩] বাগান হতে রাবার পরিবহন | সমষ্টি | মেঃটন | ২ | ৩৬২৬ | ৪০২৪ | ৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৪২৫০ | ৪০০০ | ৫০০০ | ৫০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] আসবাবপত্র ও কাঠজাত পণ্য উৎপাদন | ২৩ | [২.১] কাঠ সংগ্রহ ও প্রক্রিয়াকরণ | [২.১.১] ইউনিট কর্তৃক সংগৃহীত কাঠ | সমষ্টি | হাজার ঘনফুট | ৪ | ১৯২.৬১ | ১২৬ | ২২৫ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২২৫ | ২৩০ |
| | | | [২.১.২] ইউনিট কর্তৃক সংগৃহীত কাঠ প্রক্রিয়াজাতকরণ | সমষ্টি | হাজার ঘনফুট | ৪ | ৮৮.৭১ | ৫৫ | ১১৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১৫ | ১২০ |
| | | [২.২] আসবাবপত্র তৈরী | [২.২.১] সরবরাহ আদেশ সংগৃহীত (কাঠ ও কাঠ সংশ্লিষ্ট পণ্য) | সমষ্টি | হাজার ঘনফুট | ৫ | ১৩০ | ১২৩ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১০০ | ১৫০ | ১৫৫ |
| | | | [২.২.২] আসবাবপত্র তৈরিতে ব্যবহৃত কাঠ | সমষ্টি | হাজার ঘনফুট | ৫ | ১২০ | ১১০ | ১৪০ | ১২০ | ১০০ | ৮০ | ৬০ | ১৫০ | ১৬০ |
| | | [২.৩] আসবাবপত্র সরবরাহ ও বিক্রয় | [২.৩.১] বিক্রয়কৃত আসবাবপত্র (কাঠ ও কাঠ সংশ্লিষ্ট পণ্য) | সমষ্টি | হাজার ঘনফুট | ৫ | ১২০ | ১১০ | ১৪০ | ১২০ | ১০০ | ৮০ | ৬০ | ১৫০ | ১৬০ |
| [৩] কর্পোরেশনের সক্ষমতা ও জনবলের দক্ষতা বৃদ্ধি | ১০ | [৩.১] প্রশিক্ষণ ও সরকারি আয় বৃদ্ধি | [৩.১.১] সরকারি কোষাগারে জমাকৃত রাজস্ব | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৩০.৫৭ | ১৮.৩৬ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ১৫ | ১৯.৫০ | ২০ |
| | | | [৩.১.২] টেপিং বিষয়ে প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬০ | ৭০ | ৭৫ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ৮০ | ৮৫ |
| | | | [৩.১.৩] আসবাবপত্র তৈরী বিষয়ে প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩০ | ৩০ | ৪৫ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৫০ | ৫৫ |
| [৪] পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ | ২ | [৪.১] সিংগেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার হ্রাস করা | [৪.১.১] বিএফআইডিসির সদর দপ্তরে ব্যবহৃত SUP হ্রাসকরণের হার | সমষ্টি | % | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ১০ | ৫৫ | ৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | ৫০ | ৫০ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | ৫০ | ৫০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | ২৫ | ২৫ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | ২৫ | ২৫ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | ২৫ | ২৫ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| চেয়ারম্যান<br>বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন | ০৯.০৬.২০২৪<br>তারিখ |
| সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৯.০৬.২০২৪<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | FAO | Food and Agriculture Organization |
| ২ | আরএসএস (RSS) | Ribbed Smoke Sheet |
| ৩ | টি. এস | টেপিং সুপারভাইজার |
| ৪ | টিসি (TC) | Treelace Cuplump |
| ৫ | বিএফআইডিসি | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] জীবনচক্র হারানো রাবার গাছ অপসারণ | [১.১.১] অপসারিত গাছের সংখ্যা | পরিকল্পনা ও উন্নয়ন শাখা | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.২] নার্সারী সৃজন ও পুনঃবাগান সৃজন | [১.২.১] সৃজিত নার্সারী | পরিকল্পনা ও উন্নয়ন শাখা | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [১.২.২] সৃজিত বাগান | পরিকল্পনা ও উন্নয়ন শাখা | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৩] রাবার উৎপাদন | [১.৩.১] ল্যাটেক্স সংগৃহীত | রাবার বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [১.৩.২] ল্যাটেক্স প্রক্রিয়াকরণকৃত | রাবার বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [১.৩.৩] উৎপাদিত রাবার শীট (আরএসএস) | রাবার বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৪] উৎপাদিত রাবার শীট বিক্রয় | [১.৪.১] রাবারের পাক্ষিক দর নির্ধারণ | রাবার বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [১.৪.২] দেশে বিদেশে বিক্রিত রাবার (আরএসএস) | রাবার বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [১.৪.৩] বাগান হতে রাবার পরিবহন | রাবার বিভাগ | সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [২.১] কাঠ সংগ্রহ ও প্রক্রিয়াকরণ | [২.১.১] ইউনিট কর্তৃক সংগৃহীত কাঠ | উৎপাদন ও বাণিজ্য বিভাগ | উৎপাদন ও বিক্রয় কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন ও এ সংক্রান্ত রেজিষ্টারের কপি |
| | [২.১.২] ইউনিট কর্তৃক সংগৃহীত কাঠ প্রক্রিয়াজাতকরণ | উৎপাদন ও বাণিজ্য বিভাগ | উৎপাদন ও বিক্রয় কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন ও এ সংক্রান্ত রেজিষ্টারের কপি |
| [২.২] আসবাবপত্র তৈরী | [২.২.১] সরবরাহ আদেশ সংগৃহীত (কাঠ ও কাঠ সংশ্লিষ্ট পণ্য) | উৎপাদন ও বাণিজ্য বিভাগ | উৎপাদন ও বিক্রয় কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন ও এ সংক্রান্ত রেজিষ্টারের কপি |
| | [২.২.২] আসবাবপত্র তৈরিতে ব্যবহৃত কাঠ | উৎপাদন ও বাণিজ্য বিভাগ | উৎপাদন ও বিক্রয় কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন ও এ সংক্রান্ত রেজিষ্টারের কপি |
| [২.৩] আসবাবপত্র সরবরাহ ও বিক্রয় | [২.৩.১] বিক্রয়কৃত আসবাবপত্র (কাঠ ও কাঠ সংশ্লিষ্ট পণ্য) | উৎপাদন ও বাণিজ্য বিভাগ | উৎপাদন ও বিক্রয় কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন ও এ সংক্রান্ত রেজিষ্টারের কপি |
| [৩.১] প্রশিক্ষণ ও সরকারি আয় বৃদ্ধি | [৩.১.১] সরকারি কোষাগারে জমাকৃত রাজস্ব | হিসাব বিভাগ | হিসাব শাখা প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [৩.১] প্রশিক্ষণ ও সরকারি আয় বৃদ্ধি | [৩.১.২] টেপিং বিষয়ে প্রশিক্ষণ | সংস্থাপন শাখা | প্রশাসন শাখা প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [৩.১.৩] আসবাবপত্র তৈরী বিষয়ে প্রশিক্ষণ | সংস্থাপন শাখা | প্রশাসন শাখা প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [৪.১] সিংগেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার হ্রাস করা | [৪.১.১] বিএফআইডিসির সদর দপ্তরে ব্যবহৃত SUP হ্রাসকরণের হার | সাধারণ সেবা শাখা | সাধারণ সেবা শাখা প্রধান কর্তৃক প্রত্যয়ন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| উৎপাদিত রাবার শীট বিক্রয় | দেশে বিদেশে বিক্রিত রাবার (আরএসএস) | ১) জাতীয় রাজস্ব বোর্ড ২) বাণিজ্য মন্ত্রণালয় ৩) তফসিলী ব্যাংক | VAT, TAX, Custom Duty এবং আর্থিক লেনদেন ত্বরান্বিতকরণ। |
| আসবাবপত্র সরবরাহ ও বিক্রয় | বিক্রয়কৃত আসবাবপত্র (কাঠ ও কাঠ সংশ্লিষ্ট পণ্য) | সরকারী, বেসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। | অগ্রাধিকার ভিত্তিতে আসবাবপত্র ক্রয়ের আদেশ প্রদান। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ